AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 29-11-2026 **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মাদকাশক্তিকে দেশের যুব সমাজের সামনে এক বড় চ্যালেঞ্জ বলে বর্ণনা করেছেন। আজ ১৪০ তম মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশ জুড়ে নেশা মুক্ত যুব অভিযানের কথা বলেন।

২) লোকসভার বিশেষ অধিবেশনে আগামীকাল লোকসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ ও আসন সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে তিনটি বিল পেশ করা হবে।

৩) জাতীয় প্রতিরক্ষা অ্যাকাডেমি - এনডিএ-র উত্তীর্ণ ক্যাডেটদের দেশের নিরাপত্তার ঢাল বলে অভিহিত করেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

৪) ঝাড়খন্ডের রামগড়ে সড়ক দুর্ঘটনায় ১৩ জনের মৃত্যু, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।

৫) ক্রাইস্টচার্চে দ্বিতীয় ক্রিকেট টেস্টের তৃতীয় দিনের খেলার শেষে নিউজিল্যান্ড ভারতের থেকে ২৪৩ রানে এগিয়ে রয়েছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মাদকাশক্তিকে দেশের যুব সমাজের সামনে এক বড় চ্যালেঞ্জ বলে বর্ণনা করেছেন। আজ আকাশবাণীর ১৪০ তম মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে, আমাদের যুব সমাজ তাদের স্বপ্ন পূরণের লক্ষ্যে কাজ করছে। মাদকের বিরুদ্ধে সারা দেশ জুড়ে নেশা মুক্ত যুব অভিযান চলছে বলে তিনি জানান। এই প্রসঙ্গে তিনি মাদকের বিরুদ্ধে লড়াই করা কয়েকজন যুবকের সঙ্গে কথা ব'লে তিনি তাদের সমস্যার কথা বোঝার চেষ্ট করেন। মাদকের নেশা থেকে বেরিয়ে আসতে পারার জন্য তিনি তাদের অভিনন্দন জানান।

(বাইট – মাদক)

প্রধানমন্ত্রী দেশের নিজস্ব উদ্যোগে তৈরি iGOT কর্মযোগী নামে এক ডিজিটাল মঞ্চের কথা তুলে ধরেন। তিনি জানান, এই মঞ্চের মাধ্যমে সরকারি কর্মচারীরা ১৭ টি ভারতীয় ভাষায় বিভিন্ন ধরনের কোর্স করতে পারবেন। প্রধানমন্ত্রী মিশন কর্মযোগীর মূল মন্ত্র হিসাবে **নাগরিক দেবো ভব** বলে উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী, ভারত সরকারের ডিজিটাল প্ল্যাটফর্ম সঞ্চার সাথীর কথা বলেন। তিনি জানান, এই মঞ্চের মাধ্যমে অনলাইন প্রতারণার মোকাবিলা থেকে আরও অনেক ধরেনর সুবিধা পাওয়া সম্ভব। তিনি জানান, আমাদের ডিজিটাল দুনিয়াকে সুরক্ষিত রাখতে সঞ্চার সাথী উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে।

(বাইট - সঞ্চার সাথী)

শ্রী মোদী ভারতের সংগ্রহশালাগুলিতে দেশের সাংস্কৃতিক সম্পদ সংরক্ষিত থাকার কথা বলেন। তিনি জানান, পাটনার বিহার মিউজিয়াম যেভাবে পৃথিবীর একশোটি শ্রেষ্ঠ মিউজিয়ামের তালিকায় নবম স্থান দখল করেছে, তা বিশেষভাবে উল্লেখযোগ্য।

প্রধানমন্ত্রী শিল্প কলার জগতেও ভারতের সাফল্যের কথা তুলে ধরেন। তিনি জানান, ভেনিস আর্ট বিয়েনালে ভারতের প্যাভেলিয়ান সর্বশ্রেষ্ঠ নির্বাচিত হয়েছে বলে জানান। এই প্রসঙ্গে তিনি ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে ইন্ডিয়া বিয়েনাল নামে শিল্প স্থাপত্য ও ডিজাইনের এক বিশাল উৎসব আয়োজনের কথা জানান।

(বাইট - ইন্ডিয়া বিয়েনাল)

প্রধানমন্ত্রী জানান ভারতের গুড় ও চকলেট সারা বিশ্বে এক স্বতন্ত্র পরিচয় তৈরি করেছে। তামিলনাড়ুর এরোডের অর্গানিক পালমাইরা জ্যাগারি ইউরোপে পৌঁছে গেছে। আমাদের দেশের চকলেট এবং কোকো জাতীয় পণ্যের রপ্তানি প্রায় ২৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে তিনি উল্লেখ করেন।

শ্রী মোদী দেশের মানুষের শারীরিক সুস্থতার ওপর জোর দেন। তিনি বলেন, ফিট ইন্ডিয়া মুভমেন্টের অঙ্গ হিসাবে **সানডেজ অন সাইকেল** একশোটি পর্ব পূরণ করেছে।

তিনি দেশের মানুষকে খাবারে তেলের পরিমাণ ১০ শতাংশ কমানোর জন্য পুনরায় অনুরোধ জানান।

(বাইট - ফিট ইন্ডিয়া)

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উপস্থিত সকলের উদ্দেশ্যে ভাষণও দেবেন।

ডঃ ভূপেন হাজারিকা ১৯২৬ সালের ৮-ই সেপ্টেম্বর আসামের সাদিয়ায় জন্মগ্রহণ করেন। আসামের সাংস্কৃতিক ইতিহাসে ডঃ হাজারিকা এক বিশেষ স্থানের অধিকারী

oooooooooooooooooooo

কাশী তামিল সংগমমের পঞ্চম সংস্করণে আজ বারাণসীর নমোঘাট ও বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে এক গুচ্ছ সাংস্কৃতিক ও শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে অংশ নিতে কেন্দ্রীয় সাংস্কৃতিক ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নমোঘাট সফর করবেন। তিনি বারাণসীর রাজঘাটে একটি সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করবেন।

এছাড়া, কাশীর সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ে একটি প্রদর্শনীরও উদ্বোধন করা হবে। আজ সকালে তামিলনাড়ুর এক দল ছাত্রছাত্রী হনুমানঘাট পরিদর্শন করেন। পরে তারা হিন্দু বিশ্ববিদ্যালয়ে এক শিক্ষামূলক অনুষ্ঠানে অংশ নেন।

উল্লেখ্য, গতকাল কাশী তামিল সংগমমের পঞ্চম সংস্করণ বারাণসীতে শুরু হয়েছে।

oooooooooooooooooooo

মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ এবং লোকসভার আসন সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে তিনটি গুরুত্বপূর্ণ বিল আনতে চলেছে কেন্দ্রীয় সরকার। আগামী সোমবার থেকে

শুরু হতে চলা লোকসভার বিশেষ অধিবেশনে, পেশ করা হবে সংবিধানের **১৩২**তম সংশোধনী বিল, সীমানা পুনর্নির্ধারণ (দ্বিতীয়) বিল, এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন (সংশোধনী) দ্বিতীয় বিল।

প্রস্তাবিত বিলগুলি কার্যকর হলে লোকসভার বর্তমান ৫৪৩টি আসন বেড়ে ৮১৬ হবে। অর্থাৎ, আসন সংখ্যা ৫০ শতাংশ বৃদ্ধি পাবে। এর পাশাপাশি, ২০২৯ সালের লোকসভা নির্বাচন থেকেই মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের পথ সুগম হবে।

আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সংবিধান সংশোধনী বিল এবং সীমানা পুনর্নির্ধারণ সংক্রান্ত দ্বিতীয় বিলটি লোকসভায় পেশ করবেন। অন্যদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পেশ করবেন কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল।

oooooooooooooooooooo

সংবিধান সংশোধনী বিলটি সংসদের উভয় কক্ষে পাস করানোর জন্য দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, আগামী সোমবার থেকে শুরু হওয়া লোকসভার চারদিনের বিশেষ অধিবেশন চলবে বৃহস্পতিবার পর্যন্ত।

অন্যদিকে, রাজ্যসভার দু-দিনের বিশেষ অধিবেশন শুরু হবে ২ ডিসেম্বর।

oooooooooooooooooooo

বিরোধী ইন্ডিয়া জোট, ডিলিমিটেশনের জন্য সংবিধান সংশোধনের প্রস্তাব সমর্থনের সিদ্ধান্ত পুনর্বিবেচনার করতে DMK দলকে অনুরোধ জানিয়েছে। NCP – SP নেতা শরদ পাওয়ারকেও অনুরূপভাবে বিরোধীরা অনুরোধ জানিয়েছে। ইন্ডিয়া জোটে দুটি দল আজ এবিষয়ে কথা বলার জন্য চেন্নাই ও মুম্বাই যাচ্ছে।

এদিকে, DMK নেতা এম কে স্তালিন বলেছেন, তাঁর দল রাজ্যগুলির অধিকার ও সংবিধান সুরক্ষায় কাজ করবে।

oooooooooooooooooooo

জাতীয় প্রতিরক্ষা অ্যাকাডেমি বা এনডিএ-র উত্তীর্ণ ক্যাডেটদের দেশের 'নিরাপত্তার ঢাল' বলে অভিহিত করেছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেছেন, ক্যাডেটদের শক্তি, শৃঙ্খলা ও কর্তব্যনিষ্ঠা শুধু দেশের সীমান্তই নয়, বিদ্যালয়, হাসপাতাল এবং বিভিন্ন প্রতিষ্ঠানকেও সুরক্ষিত রাখবে।

পুনের খড়কওয়াসলায় এনডিএ-র ১৫১তম কোর্সের ক্যাডেট এবং তাঁদের অভিভাবকদের সম্মানে আয়োজিত এক নৈশভোজে বক্তব্য রাখতে গিয়ে প্রতিরক্ষামন্ত্রী এ কথা বলেন। উত্তীর্ণ ক্যাডেটদের কুচকাওয়াজের প্রাক্কালে আয়োজিত এই অনুষ্ঠানে তিনি বলেন, এনডিএ তরুণ শিক্ষার্থীদের এমন সামরিক নেতৃত্বে পরিণত করে, যাঁরা হাজার হাজার সেনাকে নেতৃত্ব দেওয়ার যোগ্যতা অর্জন করেন।

রাজনাথ সিং বলেন, দেশের প্রতিটি ক্যাডেটই নিরাপত্তার ঢাল। আর অন্যদের সুরক্ষিত রাখতে হলে সেই ঢালকে শক্তিশালী হতে হবে।

oooooooooooooooooooo

ঝাড়খণ্ডের রামগড়ে গাড়ি দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় শোকপ্রকাশ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। মৃতদের নিকটাত্মীয়দের প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সাহায্যের কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

উল্লেখ্য, ঝাড়খণ্ডের রামগড়ে রাঁচি-পাটনা জাতীয় সড়কে পেইনকি গ্রামের কাছে আজ দ্রুতগতির একটি এসইউভি অন্য একটি গাড়িতে ধাক্কা মারলে অন্তত ১৩ জনের মৃত্যু হয়। মৃতদের সকলেই বিহারের নালন্দা জেলার বাসিন্দা বলে জানা গেছে।

oooooooooooooooooooo

বাংলাদেশে শরীয়তপুরে বিএনপি ও আওয়ামি লিগের কর্মী-সমর্থকদের মধ্যে সংঘর্ষে আজ সকালে একজনের মৃত্যু হয়েছে। আরও দু'জন গুলিবিদ্ধ হয়েছেন । নিষিদ্ধ আওয়ামি লিগের নেতা-কর্মীরা পদ্মা সেতু অবরোধ করার কিছুক্ষণ পরেই এই সংঘর্ষ শুরু হয় বলে অভিযোগ।

ঘটনার জেরে প্রায় ৪৫ মিনিট পদ্মা সেতুতে যান চলাচল বন্ধ থাকে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলে যান চলাচল স্বাভাবিক হয়। সংঘর্ষে অন্তত ১২ থেকে ১৩টি মোটরবাইকে আগুন ধরিয়ে দেওয়া হয়।

উল্লেখ্য , দলের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার, রাজনৈতিক বন্দিদের মুক্তি এবং শেখ হাসিনার বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবিতে আওয়ামি লিগ আজ ও আগামীকাল, ৪৮ ঘণ্টার দেশব্যাপী লকডাউনের ডাক দিয়েছে।

oooooooooooooooooooo

ক্রাইসচার্চের হেগলি ওভালে দ্বিতীয় ক্রিকেট টেস্টের তৃতীয় দিনের শেষে নিউজিল্যান্ড, ভারতের থেকে ২৪৩ রানে এগিয়ে রয়েছে। ৬ উইকেটে ১১৬ রান নিয়ে আজ তৃতীয় দিনে খেলতে নেমে ভারতের প্রথম ইনিংস ২৪৬ রানে শেষ হয়। ধ্রুব জুড়েল ৮৮, আকাশ দীপ ২৯ রান করেন। নিউজিল্যান্ডের হয়ে কাইল জেমিসন চার উইকেট নেন। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে নিউজিল্যান্ড দিনের শেষে ৩ উইকেটে ১৩৩ রান করেছে। ডেভন কনওয়ে ৫১ রান করেছেন। রাচিন রবীন্দ্র ৪৬ ও ড্যারেল মিচেল ৫ রানে অপরাজিত আছেন। ভারতের হয়ে জশপ্রীত বুমরাহ দুটি, ওয়াশিংটন সুন্দর একটি উইকেট নিয়েছেন।

উল্লেখ্য, নিউজিল্যান্ড প্রথম ইনিংসে করেছিলো ৩৫৬ রান। এদিকে আহত হয়ে বাকি ম্যাচ থেকে ছিটকে গেলেন ভারতীয় পেসার আকাশ দীপ। তাঁর বদলে পরিবর্ত হিসেবে দলে নেওয়া হয়েছে প্রসিদ্ধ কৃষ্ণকে।

oooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ছয় ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষে রয়েছে।

অন্যদিকে চার ম্যাচে সাত পয়েন্ট নিয়ে সপ্তম স্থানে আছে ইস্টবেঙ্গল।

ডার্বি ম্যাচকে ঘিরে দুই দলের সমর্থকদের মধ্যে ব্যাপক উদ্দীপনার সৃষ্টি হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo